



বাংলাদেশ ব্যাংক
ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়
প্রধান কার্যালয়
ঢাকা।



বিজ্ঞপ্তি নং-৬৯/২০২১

তারিখঃ ০৩ জ্যৈষ্ঠ, ১৪২৮
১৭ মে, ২০২১

নিয়োগ বিজ্ঞপ্তি

ব্যাংকার্স সিলেকশন কমিটির সদস্যভুক্ত সোনালী ব্যাংক লিমিটেড-এ “জেনারেল ম্যানেজার (২য় গ্রেড, বেতন স্কেল ৬৬০০০/- - - ৭৬৪৯০) এর ১টি শূন্য পদে সরাসরি নিয়োগের নিমিত্তে প্যানেল প্রস্তুতির জন্য নিম্নবর্ণিত শর্তাধীনে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

শিরোনাম	বিবরণ
পদের নাম	‘জেনারেল ম্যানেজার’
পদ সংখ্যা	১টি
বেতন স্কেল ও সুবিধাদি	জাতীয় বেতন স্কেল, ২০১৫-এর টাকা ৬৬০০০/-... ৭৬৪৯০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা। নিয়োগকৃত প্রার্থীর চাকরিকাল, অবসর গ্রহণ ও আনুতোষিক(গ্রাচুইটি) সুবিধা প্রচলিত বিধি-বিধানের আলোকে সোনালী ব্যাংকের পরিচালনা পর্ষদ কর্তৃক নির্ধারিত হবে।
শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	(ক) যে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে দ্বিতীয় শ্রেণির(সমমানের সিজিপিএ) স্নাতক(সম্মান) বা স্নাতকোত্তর ডিগ্রী এবং অন্যান্য একাডেমিক পরীক্ষার যে কোন একটিতে প্রথম বিভাগ বা শ্রেণি (সমমানের সিজিপিএ) থাকতে হবে। তবে কোন পরীক্ষায় তৃতীয়শ্রেণি বা বিভাগ গ্রহণযোগ্য হবে না; (খ) ফিন্যান্স, ব্যাংকিং, অর্থনীতি, একাউন্টিং, এসিএ, এফসিএ, এসিএমএ, এফসিএমএ, এমবিএ ডিগ্রীধারীগণ অগ্রাধিকার পাবেন; (গ) ব্যাংকিং ডিপ্লোমার উভয় পর্বে উত্তীর্ণ হতে হবে এবং কম্পিউটার স্কীল সম্পন্ন হতে হবে; (ঘ) ডেপুটি জেনারেল ম্যানেজার বা সমমান এবং/বা তদুর্ধ্ব পদে ৩(তিন) বছরের চাকুরীসহ ১৪(চৌদ্দ) বছরের ব্যাংকিং অভিজ্ঞতা থাকতে হবে; (ঙ) বয়স (০৮/০৬/২০২১ তারিখে) : সর্বোচ্চ ৫৫ বছর।

- ১। বিদেশী ডিগ্রীধারী প্রার্থী: প্রার্থী ‘O’ Level ও ‘A’ Level পাশ হলে দেশীয় সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট এবং বিদেশী বিশ্ববিদ্যালয় হতে ডিগ্রী প্রাপ্ত হলে দেশীয় সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন/শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সমমান সার্টিফিকেট অনুযায়ী ডিগ্রী ও ফলাফলের (শ্রেণি/ বিভাগ/জিপিএ/সিজিপিএ উল্লেখসহ) তথ্য মৌখিক পরীক্ষার সময় চেকিং বোর্ডে অবশ্যই উপস্থাপন করতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।
- ২। গ্রেডিং পদ্ধতিতে প্রকাশিত ফলাফলের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৬/২০০৯ ও ০২/০৩/২০১০ তারিখের প্রজ্ঞাপন নং শিম/শাঃ১১/৫-০১(অংশ)/৫৮২ ও শিম/শাঃ১১/১৯-১/২০০৭/১৭৪ অনুসরণ করা হবে।
- ৩। আগ্রহী প্রার্থীগণকে আগামী ০৮/০৬/২০২১ তারিখের মধ্যে মহাব্যবস্থাপক, ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয় (২য় সংলগ্নী ভবন ১৭তম তলা), ঢাকা বরাবর আবেদন প্রেরণ করতে হবে। এছাড়াও বাংলাদেশ ব্যাংক ৩০ তলা ভবনের নিচে ইনক্লোজারে ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়ের নামে রক্ষিত বাস্তব নির্দিষ্ট তারিখের মধ্যে আবেদন জমা দিতে পারবেন, নির্দিষ্ট তারিখের পরে কোন আবেদন জমা দেয়া হলে তা বাতিল বলে গণ্য হবে।
- ৪। আবেদন ফি এর পরিমাণ: আবেদনকারী প্রার্থীগণকে যে কোন সিডিউল ব্যাংক হতে মহাব্যবস্থাপক, বাংলাদেশ ব্যাংক ও সদস্য-সচিব, বিএসসি, বাংলাদেশ ব্যাংক বরাবরে ইস্যুকৃত (অফেরতযোগ্য) টা. ২০০/- (টাকা দুইশত মাত্র)-এর পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আবেদন পত্রের সাথে জমা দিতে হবে।
- ৫। আবেদনের সাথে নিম্নে বর্ণিত সনদপত্র/কাগজপত্রাদি সংযুক্ত করতে হবেঃ
ক) সদ্য তোলা পাসপোর্ট আকারের ৩(তিন) কপি রঙিন ছবি;
খ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও মার্কশীট/ট্রান্সক্রিপ্ট এর কপি;
গ) অভিজ্ঞতার প্রত্যয়নপত্রের/সনদপত্রের কপি;
ঘ) স্ব-স্ব স্থায়ী ঠিকানার সমর্থনে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনার/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত জাতীয়তা সনদপত্রের কপি।
- ৬। চাকুরীরত প্রার্থীদেরকে স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে আবেদন প্রেরণ করতে হবে।
- ৭। অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত দরখাস্ত কোনো প্রকার যোগাযোগ ব্যতিরেকেই বাতিল করা হবে।
- ৮। প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- ৯। সোনালী ব্যাংক লিমিটেড প্রার্থীর নিয়োগ প্রদান করা বা না করার ক্ষেত্রে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের অধিকার সংরক্ষণ করে।

স্বাক্ষরিত/-

(মোঃ কাওছার মতিন)

মহাব্যবস্থাপক(চলতি দায়িত্বে)

ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়